

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৬৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক ঐ ব্যক্তির দৃষ্টান্ত প্রদান, যাকে মহান আল্লাহ কুরআন দান করেছেন অতঃপর সে ব্যক্তি কুরআন পাঠ করে তাহাজ্জুদ সালাত আদায় করে, কুরআনের ইলমের উপর শয়ন করে, যাতে সে পেশকৃত দৃষ্টান্তের অনুরূপ মর্যাদা লাভ করতে পারে

ذِكْنُ تَمْثِيلِ الْمُصِبْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمُتَهَجِّدَ بِالْقُرْآنِ الَّذِي آتَاهُ اللَّهُ وَالنَّائِمَ عَلَيْهِ لِينَاهُ بِمَا مَثَّلَ لَهُ

## আরবী

2569 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ حَدَّثَنَا أَبُو عَمَّارٍ حَدَّثَنَا الْفَضْلُ بْنُ مُوسَى عَنْ عَبْدِ الْحَمِيدِ بْنِ جَعْفَرٍ عَنْ سَعِيدِ الْمَقْبُرِيِّ عَنْ عَطَاءٍ مَوْلَى أَبِي أَحْمَدَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: بَعَثَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعْثًا وَهُمْ نَفَرٌ فَدَعَاهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعْثًا وَهُمْ نَفَرٌ فَدَعَاهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعْثًا وَهُمْ نَفَرٌ فَدَعَاهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَوَ مِنْ أَحْدَتِهِمْ فَقَالَ: (مَاذَا مَعَكُمْ مِنَ الْقُرْآنِ؟ ) فَاسْتَقْرَأُهُمْ حَتَّى مَرَّ عَلَى رَجُلٍ مِنْهُمْ هُوَ مِنْ أَحْدَتِهِمْ سِنَّا لَ فَقَالَ: (مَاذَا مَعَكُمْ مِنَ الْقُرْآنِ؟ ) قَالَ: مَعِي كَذَا وَكَذَا وَسُورَةُ الْبَقَرَةِ , قَالَ: (مَعَكَ سُورَةُ الْبَقَرَةِ ) قَالَ: (مَعَكَ سَوْرَةُ الْبَقَرَةِ ) قَالَ: (مَعَكَ يَا فُلَانُ؟ ) قَالَ: مَعِي كَذَا وَكَذَا وَسُورَةُ الْبَقَرَةِ , قَالَ: (مَعَكَ سُورَةُ الْبَقَرَةِ ) قَالَ: نَعَمْ قَالَ:

(انهب فأنت أميرهم) فقال رجل \_ وهو أشرفُهُم \_: وَالَّذِي كَذَا وَكَذَا يَا رَسُولَ اللَّهِ مَا مَنْعَنِي أَنْ لَا أَتَعَلَّمَ الْقُرْآنَ إِلَّا خَشْيَةَ أَنْ لَا أَقُومَ بِهِ! قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (تَعَلَّمِ الْقُرْآنَ وَاقْرَأْهُ وَارْقُدْ فَإِنَّ مَثَلَ الْقُرْآنِ لِمَنْ تَعَلَّمَهُ فَقَرَأَهُ وَقَامَ بِهِ كَمَثَلِ وَسَلَّمَ: (تَعَلَّمِ الْقُرْآنَ وَاقْرَأْهُ وَارْقُدْ فَإِنَّ مَثَلَ الْقُرْآنِ لِمَنْ تَعَلَّمَهُ فَقَرَأَهُ وَقَامَ بِهِ كَمَثَلِ جَرَابٍ مَحْشُو مِسْكًا تَفُوحُ رِيحُهُ كُلِّ مَكَانٍ وَمَنْ تَعَلَّمَهُ فَرْقَدَ وَهُو فِي جوفه كمثل جراب وُكِيءَ على مسك)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2569 ا خلاصة حكم المحدث: ضعيف \_ ((التعليق الرغيب)) (2/ 2008 ـ 209) ((التعليق على ابن خزيمة)) (3/ 5/1509) ((التعليق على ابن خزيمة)) (3/ 5/1509) ((المشكاة))



الثاني) , ((الضعيفة)) , (الضعيفة)

## বাংলা

২৫৬৯. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার একটি সেনাদলকে অভিযানে প্রেরণ করলেন। অতঃপর তিনি তাদেরকে ডাকলেন এবং বললেন, "তোমাদের কাছে কুরআনের কী পরিমাণ মুখন্ত আছে?" তারপর তিনি তাদের থেকে এক এক করে কুরআন শ্রবণ করেন, এভাবে একজনের কাছে আসলেন, যিনি কওমের মাঝে বয়সে সবচেয়ে নবীন ছিলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, "হে ওমুক, তোমার কত্টুকু কুরআন মুখন্ত আছে?" জবাবে তিনি বলেন, "আমার এই এই মুখন্ত আছে এবং সূরা বাকারাও মুখন্ত আছে।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "তোমার সূরা বাকারাহ মুখন্ত আছে?" তিনি জবাবে বললেন, "জ্বী, হাাঁ।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "যাও, তুমি তাদের আমীর।" তখন তাদের মাঝে এক সন্ত্রান্ত ব্যক্তি বললেন, "ঐ সন্তার কসম, যিনি এরকম, এরকম! হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, কুরআন শিক্ষা করতে আমাকে স্রেফ এটাই বাধা দিয়েছে যে, আমি আশংকা করেছি যে, হয়তো আমি তা নফল সালাতে পাঠ করতে পারবো না। "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "কুরআন শিক্ষা করে, তা তিলাওয়াত করো এবং ঘুমাও। কেননা যে ব্যক্তি কুরআন শিক্ষা করে, তা পাঠ করে এবং তা পাঠ করে নফল সালাত (বিশেষত তাহাজ্জুদ সালাত) আদায় করে, তবে তার দৃষ্টান্ত হলো ঐ থলের ন্যায়, যা মিশকে আম্বর সুগন্ধি দিয়ে ভর্তি, যার ঘ্রাণের বিচ্ছুরণ সর্বত্র ছড়িয়ে পড়ে। আর যে কুরআন শিক্ষা করে, অতঃপর তা পেটে নিয়ে ঘুমিয়ে থাকে, তার দৃষ্টান্ত হলো ঐ থলের ন্যায় যা মিশকে আম্বর সুগন্ধি দিয়ে ভর্তি করে মুখ বেধে রাখা রয়েছে।"[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৫০৯; তিরমিযী: ২৮৭৬; ইবনু মাজাহ: ২১৭।

হাদীসটির ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি, তবে হাদীসটি য'ঈফ হওয়ার মতের দিকেই তাঁর ঝোঁক বুঝা যায়। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে য'ঈফ বলেছেন। (আয য'ঈফা: ৬৪৮৩)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আমর ইবন হুরায়স (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন